

কবি শামসুর রাহমান বাংলা একাডেমির সভাপতির দায়িত্ব গ্রহণ করেছেন

কবি শামসুর রাহমান গতকাল বৃহস্পতিবার বাংলা একাডেমির সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

গতকাল সকাল ১০টায় বাংলা একাডেমির সভাকক্ষে কবি শামসুর রাহমানকে স্বাগত ও বিদায়ী সভাপতি আইনবিদ গাজী শামছুর রহমানকে বিদায় সংবর্ধনা জানানো হয়। সভাপতি হিসেবে কবি শামসুর রাহমানকে স্বাগত জানিয়ে বাংলা একাডেমির মহাপরিচালক প্রফেসর মনসুর মুসা বলেন, "জাতীয় প্রতিষ্ঠান বাংলা একাডেমিতে দেশবরেণ্য কবি শামসুর রাহমানকে সভাপতি হিসেবে মনোনয়ন দেয়ায় আমরা আনন্দ ও গর্ব অনুভব করছি।"

কবি শামসুর রাহমান বলেন, "বাংলা একাডেমির সঙ্গে আমার সম্পর্ক ভালবাসার। একাডেমির কর্মকর্তারা যে আন্তরিকতা ও ভালবাসার সঙ্গে আমাকে স্বাগত জানালেন তা দেখে আমি মুগ্ধ।" এ সময় তিনি ১৯৬৯ সালে গণজুথানের সময় বাংলা একাডেমিতে কবিতা পাঠের স্মৃতিচারণ করেন।

গাজী শামছুর রহমান বলেন, "বাংলা একাডেমির সভাপতির পদটি অত্যন্ত মর্যাদাকর। এই পদে দুই মেয়াদে কাজ করার সুযোগ পেয়ে আমি গর্বিত।"

সভায় বাংলা একাডেমির সভাপতি ও বিদায়ী সভাপতিকে পুষ্পস্তবক অর্পণ এবং একাডেমি প্রকাশিত কিছু গ্রন্থ উপহার দেয়া হয়। তারা বাংলা একাডেমির ফোকলোর সংগ্রহশালাও পরিদর্শন করেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।